



প্রেসিডেন্ট প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহমেদ গতকাল ঢাকায় বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে নর্থ সাউথ ইউনিভার্সিটির নবম সমাবর্তন অনুষ্ঠানে ভাষণ দেন

## নর্থ সাউথ ভার্সিটির সমাবর্তনে প্রেসিডেন্ট একুশ শতকের চ্যালেঞ্জ মোকাবিলায় শিক্ষার মান নিশ্চিত করুন

বাসস : প্রেসিডেন্ট প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহমেদ ২১ শতকের চ্যালেঞ্জ মোকাবিলায় শিক্ষার মান নিশ্চিত করতে শিক্ষকদের দায়িত্ব সম্পর্কে তাদের স্বয়ং করে দিয়েছেন। তিনি গতকাল (বুধবার), বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে বাংলাদেশের প্রথম বেসরকারী বিশ্ববিদ্যালয় নর্থ সাউথ ইউনিভার্সিটির (এনএসইউ) নবম সমাবর্তন অনুষ্ঠানে বক্তৃতাকালে এ কথা বলেন। তিনি বলেন, '২১ শতকের চ্যালেঞ্জ মোকাবিলায় দক্ষ মানবসম্পদ গড়ে তুলতে, মানসম্মত শিক্ষা আমাদের জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ। প্রেসিডেন্ট বলেন, দেশে শিক্ষার গুণগতমান নিশ্চিত করতে শিক্ষক, অভিভাবিক, শিক্ষাবিদ ও ছাত্র-ছাত্রীর যৌথ দায়িত্ব রয়েছে তাদের তা আন্তরিকতা, নিষ্ঠা ও সততার সাথে পালন করতে হবে। শিক্ষাদান কেবল একটা পেশাই নয়, বরং তরুণ প্রজন্ম এবং জাতিকে সেবাদানের একটি জীবন পন্থাও বটে উল্লেখ করে তিনি বলেন, একজন শিক্ষকের মূল কর্তব্য হচ্ছে তাকে হতে হবে পেশাদার, নিষ্ঠাবান ও মানবিক এবং জীবনে মূল্যবোধ সমৃদ্ধ রাখতে হবে। শিক্ষামন্ত্রী ডঃ এম: ওসমান ফারুক, এনএসইউ-এর ভাইস চ্যান্সেলর ডঃ হাফিজ মিয়া সিদ্দিকী এবং এনএসইউ-ফাউন্ডেশন চেয়ারম্যান ইফতেখারুল আলম সুন্যানোর

মধ্যে অনুষ্ঠানে বক্তৃতা করেন। অনুষ্ঠানে ৪৭০ জন ছাত্রকে ডিগ্রী প্রদান করা হয়। বাংলাদেশে নিযুক্ত ব্রিটিশ হাই কমিশনার সমাবর্তন বক্তা হিসেবে অনুষ্ঠানে বক্তৃতা করেন। এনএসইউ-এর চ্যান্সেলর প্রেসিডেন্ট ইয়াজউদ্দিন বলেন, শিক্ষকদের মিশন হচ্ছে ছাত্রদের সর্বশেষ জ্ঞান দেয়া এবং তাদের মধ্যে সংস্কৃতি ও মূল্যবোধ সঞ্চারিত করা। তিনি আশা প্রকাশ করেন যে, গ্রাজুয়েটরা ব্যক্তিগত সততার সর্বোচ্চ প্রকাশ ও সামাজিক দায়িত্ব পালন এবং দেশের উন্নতি সাধনে অস্বীকারবদ্ধ থাকবে। ছাত্রদের অভিনন্দন জানিয়ে শিক্ষামন্ত্রী ওসমান ফারুক বলেন, আমার আস্থা রয়েছে আপনারা মানসম্মত শিক্ষা গ্রহণ করেছেন এবং একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলায় প্রস্তুত রয়েছেন। হাই কমিশনার আনোয়ার চৌধুরী বলেন, বাংলাদেশ সন্ত্রাসবাদ সমস্যার মোকাবিলা করছে, যা শান্তি, অগ্রগতি, উন্নয়ন এবং দেশের গণতন্ত্র ধ্বংস করছে। তিনি দেশের কষ্টার্জিত স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষায় সন্ত্রাসবাদ মোকাবিলায় একযোগে কাজ করার জন্য সকল রাজনৈতিক দলের প্রতি আহ্বান জানিয়েছেন।